

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৪৩

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা আব্দুল্লাহ বিন মুবারক রহিমাহুল্লাহর যে হাদীস উল্লেখ করেছি, তাতে উল্লেখিত শব্দের জটিলতা যে হাদীসে ব্যাখ্যা করা হয়েছে

ذِكْرُ خَبَرٍ قَدْ يُفَصَّلُ بِهِ إِشْكَالُ اللَّفْظَةِ الَّتِي ذَكَرْنَاهَا فِي خَبَرِ ابْنِ الْمُبَارَكِ

## আরবী

2243 \_ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا مُسَدَّدُ بْنُ مُسَرْهَدٍ عَنْ يَحْيَى الْقَطَّانِ عَنْ إِسْمَاعِيلَ بْنِ أَبِي عَمْرٍو الشَّيْبَانِيِّ عَنْ زَيْدِ إِسْمَاعِيلَ بْنِ أَبِي عَمْرٍو الشَّيْبَانِيِّ عَنْ زَيْدِ إِسْمَاعِيلَ بْنِ أَبِي عَمْرٍو الشَّيْبَانِيِّ عَنْ زَيْدِ بِنِ أَرْقَمَ قَالَ: كَانَ الرَّجُلُ يُكَلِّمُ صَاحِبَهُ فِي الصَّلَاةِ بِالْحَاجَةِ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى نَزَلَتْ: {حَافِظُوا عَلَى الصلوات .... } الآية.

الراوي: زَيْد بْن أَرْقَمَ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2243 | خلاصة حكم المحدث: صحيح \_ ((صحيح أبي داود)) (875): ق.

## বাংলা

২২৪৩. যাইদ বিন আরকাম রাদ্যাল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জামানায় (ইসলামের প্রথম দিকে) লোকজন সালাতে প্রয়োজনে নিজ সঙ্গীর সাথে কথা বলতেন। অতঃপর এই আয়াত নাযিল হয়, (তোমরা সালাতসমূহের ব্যাপারে বিশেষত মধ্যবর্তী সালাতের ব্যাপারে যত্নবান হও। আর তোমরা আল্লাহর জন্য বিনীত দাঁড়াও।—সূরা আল বাকারা: ২৩৮।)"[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/৩৬৮; সহীহ মুসলিম: ৫৩৯; আবূ দাউদ: ৯৪৯; তিরমিযী: ৪০৫; তাবারানী আল কাবীর: ৫০৬৩; সুনান বাইহাকী: ২/২৪৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ৭২২; সহীহ ইবনু খুযাইমাহ: ৮৫৬।



আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৮৭৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ যায়দ ইবনু আরক্কাম (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন